# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৭৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

### আরবী

وَعَنْ أَبِي الشَّعْثَاءِ قَالَ: خَرَجَ رَجُلٌ مِنَ الْمَسْجِدِ بَعْدَمَا أُذِّنَ فِيهِ فَقَالَ أَبُو هُرَيْرَةَ: أَمَّا هَذَا فَقَدْ عَصَى أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم. رَوَاهُ مُسلم

### বাংলা

১০৭৫-[২৪] আবূ শা’সা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক লোক আযান শেষে মাসজিদ থেকে চলে গেলে, আবূ হুরায়রাহ্ (রাঃ) বললেন, এ লোক আবুল ক্বাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নাফরমানী করল।[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৬৫৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَمَّا هذَا فَقَدْ عَصـى أَبَا الْقَاسِمِ ﷺ) ‘‘এ ব্যক্তি আবুল ক্বাসিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লমা)-এর অবাধ্য হলো’’। এ থেকে বুঝা যায় আবূ হুরায়রাহ্ (রাঃ) জানতেন যে, ঐ ব্যক্তির বেরিয়ে যাওয়ার কোন প্রয়োজন ছিল না।

হাদীস থেকে এও জানা গেল, যে ব্যক্তি আযানের পরে মসজিদে অবস্থান করে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করল সে ব্যক্তি আবুল ক্বাসিম (রাঃ)-এর আনুগত্য করল।

হাদীসের শিক্ষা: আযান হয়ে যাওয়ার পর বিনা প্রয়োজনে মাসজিদ থেকে বের হয়ে যাওয়া হারাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55635

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন